



অতি জরুরি

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

প্রেস বিজ্ঞপ্তি

মোবাইল অপারেটরদের সেবাঃ গণশুনানী করবে বিটিআরসি

ঢাকা, ১৩ নভেম্বর ২০১৬ :

দেশের মোবাইল অপারেটরদের সেবার মান বিশেষ করে কল ড্রপ, ভয়েস কল ও ইন্টারনেটের বিভিন্ন বাউন্স প্যাকেজ ও মূল্য সম্পর্কে জনগণের সরাসরি মতামত জানতে বিটিআরসি'র উদ্যোগে আগামী ২২ নভেম্বর ২০১৬ তারিখ মঙ্গলবার ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউশন, বাংলাদেশ (আইইবি) অডিটরিয়ামে প্রথমবারের মতো গণশুনানী অনুষ্ঠিত হবে।


গণশুনানীতে অংশগ্রহণেচ্ছুদেরকে বিটিআরসি'র কলসেন্টারে ফোন করে (শর্ট কোড ২৮৭২) অথবা বিটিআরসি'র ওয়েবসাইটে (<http://www.btrc.gov.bd/registration-form>) নির্ধারিত ফর্ম পূরণ করে আগামী ১৭ নভেম্বর, ২০১৬ তারিখের মধ্যে নিবন্ধন করতে হবে। অংশগ্রহণকারীদেরকে ফিরতি ইমেইল/এসএমএস/ফোন করে যথাসময়ে অংশগ্রহণের বিষয়টি অবহিত করা হবে।

এতে মোবাইল অপারেটরদের কলড্রপ ও বিভিন্ন প্যাকেজ (ভয়েস, ডাটা, বাউন্স) এবং এর মূল্য সম্পর্কে অভিযোগ ছাড়াও বায়োমেট্রিক সিম নিবন্ধন, সাইবার অপরাধ, মোবাইলফোনে হুমকি, ফেসবুক ব্যবহারে নিরাপত্তা, মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস, মোবাইল অপারেটরদের কলসেন্টারের মাধ্যমে সেবা সংক্রান্ত অভিযোগ এবং সংশ্লিষ্ট অন্যান্য টেলিকম সেবাপ্রদানকারী লাইসেন্সিদের সেবা সম্পর্কিত বিষয়ে জনসাধারণ/গ্রাহকের অভিযোগ ও এ সম্পর্কিত বিভিন্ন মতামত গ্রহণ করা হবে।

গণশুনানীকালে বিটিআরসি'র উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, মোবাইলফোন অপারেটর ও অন্যান্য টেলিযোগাযোগ সেবাপ্রদানকারী প্রতিষ্ঠানসমূহের দায়িত্বপ্রাপ্ত পদস্থ কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণকারীদের বিভিন্ন প্রশ্নের জবাব দেবেন এবং কার্যকর ব্যবস্থা গ্রহণের বিষয়ে মতামত প্রদান করবেন।

সরকারি, আধাসরকারি ও স্বায়ত্বশাসিত সংস্থার সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারি; টেলিযোগাযোগ সেবা প্রদানকারী প্রতিষ্ঠান, মোবাইলফোন ব্যবহারকারী ও বাংলাদেশের ভোক্তা সংঘের প্রতিনিধি; আইনজীবী, শিক্ষক, গবেষক, গণমাধ্যমকর্মী ও সংশ্লিষ্ট পেশাজীবীসহ আগ্রহী নিবন্ধনকৃত যে কোন ব্যক্তির জন্য গণশুনানী উন্মুক্ত থাকবে।

মুখপাত্র



মোঃ সরওয়ার আলম

সচিব ও মুখপাত্র

বিটিআরসি

প্রাপক,

মাননীয় সম্পাদক/ প্রধান বার্তা সম্পাদক, দৈনিক সংবাদপত্র;

হেড অব নিউজ/ চীফ নিউজ এডিটর;

বার্তা সংস্থা/ টেলিভিশন চ্যানেল/রেডিও চ্যানেল;

অনলাইন নিউজ, ঢাকা, বাংলাদেশ।

(সংবাদ বিজ্ঞপ্তিটি অত্যন্ত জনগুরুত্বপূর্ণ, তাই জনস্বার্থে গুরুত্বসহ তা বহুল প্রচারের জন্য বিনীত অনুরোধ করছি।)